অতএব, তাঁহার সঙ্গরূপ ভক্তসঙ্গাভাসপ্রভাবেও ভগবদ্ধাম প্রাপ্তির দৃষ্টান্ত দেওয়া হইয়াছে। সেইরূপ বৃহন্নারদীয়েও দেখা যায়, পূর্ব্ববর্ণিত দুষ্টকার্য্য করিবার জন্যও কোনও ব্যক্তি শ্রীভগবন্মন্দির মার্জ্জন করিয়া উত্তমাগতি অর্থাৎ শ্রীভগবদ্ধামে গমন করিয়াছিল—এই দৃষ্টান্তেও দুষ্টকার্য্যটি অপরাধ-জনক, আর সেই উদ্দেশ্যে শ্রীভগবন্মন্দিরমার্জ্জনটি ভক্তির আভাস হইলেও "পরমাগতি লাভ করিয়াছিল"—এই অংশেই এই প্রকরণের দৃষ্টান্ত দেওয়া হইয়াছে। কিন্তু ব্রহ্মজ্ঞানের এইপ্রকার সামর্থ্য কোথাও দেখা যায় না। যেহেতু ব্রহ্মবৈবর্ত্তপুরাণে বর্ণিত আছে যে—বিষয়-স্নেহযুক্ত হৃদয়ে যদি কোন ব্যক্তি মুখে বলে "আমি ব্রহ্ম", অর্থাৎ হৃদয়ে বিষয়ের প্রতি বেশ স্নেহ আছে, অথচ মুখে বলে "আমি ব্রহ্ম", তাহাহ ইলে সেই পাপে তাহার সহস্রজন্ম গর্ভবাসদুঃখ ভোগ করিতে হয়। অনন্তর অল্পপ্রয়াসসাধ্যভক্তির শ্রীভগবানকে বশীভূত করিবার সামর্থ্য দেখা যায়। এই বিষয়ে যেমন ব্রহ্মপুরাণে শিববাক্য শুনা যায়, শ্রীমহাদেব বলেন—"হে দ্বিজশ্রেষ্ঠগণ! আমি দেখিয়াছি—সেই ভগবানকে যে জন দেখে, শ্রীভগবানও তাঁহাকে প্রতিদিন দেখেন। যে জন সেই শ্রীভগবানকে সম্যক্‌রূপে আশ্রয় করেন, শ্রীভগবানও তাঁহাকে নিত্য প্রতি-আশ্রয় করিয়া থাকেন। যে জন শ্রীভগবানকে পূজা করেন, শ্রীভগবানও তাঁহাকে প্রতি-পূজা করিয়া থাকেন"। এই প্রমাণে অল্পায়াসসাধ্য ভক্তিও যে শ্রীভগবানকে বশীভূত করিবার কারণ হইয়া থাকে, তাহাই দেখান হইল। যেমন বিষ্ণুধর্ম্মেও উল্লেখ আছে যে—তুলসীদল-সংযুক্ত জলগণ্ডুষমাত্রে ভক্তবৎসল শ্রীভগবান এমনই বশীভূত হয়েন, যাহাতে সেই ভক্তগণকে অন্য কিছু প্রতিদানের উপযুক্ত বস্তু না দেখিয়া নিজেই আত্মবিক্রয় করিয়া থাকেন। এই প্রমাণেও অল্পায়াসসাধ্য ভক্তিতেও যে শ্রীভগবান বশীভূত হইয়া থাকেন, তাহাই দেখান হইল। এই সকল বর্ণিত ভক্তির মাহাত্ম্যবৃন্দ প্রশংসামাত্র নহে, কারণ অজামিল প্রভৃতির ভক্তির আভাসমাত্রেও শ্রীভগবদ্ধামপ্রাপ্তির কথা সুস্পষ্টই বর্ণিত আছে। শ্রীভগবন্নামকৌমুদী প্রভৃতিতেও এই বিষয়ে বহুল যুক্তি প্রদর্শিত হইয়াছে। সেইরূপই নামে অর্থবাদ কল্পনা করিলে বহুদোষের কথা শুনা যায়। অর্থাৎ শ্রীনামমাহাত্ম্য শ্রবণ করিয়া যে জন তাহা প্রশংসাবাক্য বলিয়া মনে করেন, শাস্ত্রে তাহার অনেক দোষের কথা শুনিতে পাওয়া যায়। পদ্মপুরাণে নামাপরাধগণন-প্রসঙ্গে উল্লিখিত আছে যে, "তথার্থবাদো হরিনাম্নি কল্পনম্" শ্রীহরিনামে প্রশংসাবাক্য মনে করা একটি অপরাধ। কাত্যায়ন-সংহিতায় দেখা যায়—